

# সূত্র

প্রিন্ট: ১৮ নভেম্বর ২০২৫, ০৪:৩৩ পিএম

শিক্ষাঙ্গন

জকসু নির্বাচন

## ছাত্রশক্তি সমর্থিত ‘ঐক্যবদ্ধ জবিয়ান’ প্যানেল ঘোষণা



জবি প্রতিনিধি

প্রকাশ: ১৮ নভেম্বর ২০২৫, ০৪:০৯ পিএম



‘ঐক্যবদ্ধ জবিয়ান’ প্যানেল ঘোষণা করেছে বাংলাদেশ জাতীয় ছাত্রশক্তি। ছবি: যুগান্তর

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জকসু) ও হল সংসদ নির্বাচনের ‘ঐক্যবদ্ধ জবিয়ান’ প্যানেল ঘোষণা করেছে বাংলাদেশ জাতীয় ছাত্রশক্তি।

মঙ্গলবার (১৮ নভেম্বর) দুপুর ১টার দিকে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভাষা শহীদ রফিক ভবনের নিচতলায় এই প্যানেল ঘোষণা করেন সংগঠনটির কেন্দ্রীয় সভাপতি জাহিদ হাসান।

এই প্যানেলের সহ-সভাপতি (ভিপি) পদে নাট্যকলা বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী কিশোর আনজুম সাম্য এবং জিএস পদে ম্যানেজমেন্ট বিভাগের একই শিক্ষাবর্ষ ও শাখা ছাত্রশক্তির সভাপতি মো. ফয়সাল মুরাদ এবং সহ-সাধারণ সম্পাদক পদে ইতিহাস বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের শাহিন মিয়া নির্বাচন করবেন।

এছাড়া ২০ সদস্যের এ প্যানেলে শিক্ষা ও গবেষণা সম্পাদক পদে মেহেরুননেসা হিমু, বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক পদে মো. ইমরান হোসেন, স্বাস্থ্য ও পরিবেশ সম্পাদক পদে তারেক সাদিদ, আইন ও মানবাধিকার সম্পাদক পদে জিহাদ, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক পদে শাহিনুর, সাহিত্য ও সংস্কৃতি সম্পাদক মো. রাতুল হাসান, ক্রীড়া সম্পাদক ফেরদাউস সোহান, পরিবহন সম্পাদক পদে মুশফিকুর রহমান, সমাজসেবা ও শিক্ষার্থীকল্যাণ সম্পাদক পদে ফেরদাউস শেখ, পাঠাগার ও সেমিনার সম্পাদক পদে আমিনুল মনোনীত হয়েছেন।

### জকসু নির্বাচনে ছাত্রশিবিরের প্যানেল ঘোষণা

এছাড়াও ৭টি নির্বাহী সদস্য পদে লড়বেন কামরুল হাসান রিয়াজ, হাসান মাহমুদ সাজ্জাদ, হাসান মাহমুদ সাকিব, অর্ণা, জাবির খান, সজীব মুখা, পিয়ারুল।